**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-03-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM Meeting :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে এস আই আর প্রক্রিয়া শুরু করার জন্য নির্বাচন কমিশন শীঘ্রই নির্দেশিকা জারি করবে। এই প্রক্রিয়ায় সঠিক তথ্য জনগণের কাছে পৌঁছে দেবার পাশাপাশি প্রকৃত ভোটাররা যেন বাদ না যায়, সেই লক্ষে সরকারের পক্ষ থেকে প্রস্তুতি নেওয়া হচ্ছে। গতকাল আগরতলার ভগৎ সিং যুব আবাসে ত্রিপুরা প্রদেশ বিজেপির উদ্যোগে আয়োজিত এক সাংগঠনিক সভায় তিনি একথা বলেন| বৈঠকে উপস্থিত ছিলেন বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক তরুণ চুগ, সর্বভারতীয় সম্পাদক বিনোদ সুনকার, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, শিল্প ও বানিজ্য মন্ত্রী সান্তনা চাকমা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

********************

## CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্য সরকার মেডিক্যাল ইউনিভার্সিটি গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। চিকিৎসা পরিষেবা বৃদ্ধির লক্ষ্যে রাজ্যে ১০০ শয্যা বিশিষ্ট নতুন টার্সিয়ারি হাসপাতাল গড়ে তোলারও পরিকল্পনা

নেওয়া হয়েছে। গতকাল প্রজ্ঞাভবনে ন্যাশনাল হেলথ মিশনের ন্যাশন্যাল ওরাল হেলথ শাখা, ইন্ডিয়ান ডেন্টাল অ্যাসোসিয়েশনের রাজ্য শাখা, আগরতলা গভর্মেন্ট ডেন্টাল কলেজ এবং আইজিএম হাসপাতালের যৌথ উদ্যোগে বিশ্ব মৌখিক স্বাস্থ্য দিবস, ২০২৬ উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামোর আরও উন্নত করার লক্ষ্যে নানা পরিকল্পনা নেওয়া হয়েছে। চিকিৎসা পরিষেবার ক্ষেত্রে উন্নত আধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহারেও জোর দিয়েছে সরকার।

********************

**Railway – Sushanta :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, ধর্মনগর থেকে কৈলাসহর-কমলপুর-খোয়াই-মোহনপুর-আগরতলা-সোনামুড়া হয়ে বিলোনীয়া পর্যন্ত প্রায় ১৭৯ কিলোমিটার দীর্ঘ নতুন রেলপথ নির্মাণের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে রেলমন্ত্রকের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। রাজ্য বিধানসভায় বিধায়ক গোপাল চন্দ্র রায় এবং বিধায়ক নির্মল বিশ্বাসের এক প্রশ্নের উত্তরে পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, ইতিমধ্যে এনএফ রেলওয়ে মালিগাঁও রেলপথ সম্প্রসারণের সার্ভের কাজ সম্পন্ন করেছে। সার্ভে অনুযায়ী, নতুন রেললাইন তৈরি করার জন্য মোট ৩৩৫৬ কোটি টাকার প্রজেক্ট রিপোর্ট অর্থাৎ ডি.পি.আর. তৈরি করা হয়েছে। তিনি জানান, এই ডি.পি.আর. টি এন.এফ. রেলওয়ের পক্ষ থেকে রেলওয়ে বোর্ডের কাছে আর্থিক মঞ্জুরীর জন্য পাঠানো হয়েছে।

********************

**New Income Tax Rules 2026 :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রক জানিয়েছে, আয়কর নিয়ম, ২০২৬ আগামী পয়লা এপ্রিল থেকে কার্যকর হবে। এর লক্ষ্য, সঠিক তথ্য প্রকাশের মাধ্যমে কর-ব্যবস্থায় অংশগ্রহণ বাড়ানো এবং নিয়মবিধি আরো শিথিল করা। নতুন নিয়মে পুরনো প্রক্রিয়ার পরিবর্তে পরিমার্জিত সংজ্ঞা ও প্রতিবেদন দাখিলের পদ্ধতি চালু হয়েছে। সংস্থাগুলিকে শেয়ার রেজিস্টার রাখা, সাধারণ সভা করা এবং লভ্যাংশ শুধুমাত্র দেশের মধ্যেই প্রদান করতে বলা হয়েছে। স্টক এক্সচেঞ্জগুলিকে সাত বছর অডিট ট্রেইল সংরক্ষণ, লেনদেনের রেকর্ড সুরক্ষিত রাখা এবং মাসিক রিপোর্ট জমা দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। এই নিয়মগুলির মাধ্যমে কর ব্যবস্থায় স্বচ্ছতা, ডিজিটালাইজেশন ও শৃঙ্খলা আরও দৃঢ় হবে।

*********************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব| প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন| my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে|

*******************

## MERA YUBA BHARAT :

কেন্দ্রীয় যুব কর্মসূচি মন্ত্রকের উদ্যোগে আগামীকাল দেশব্যাপী ‘মেরা যুব ভারত’ শীর্ষক এক পদযাত্রার আয়োজন করা হয়েছে | ভারতের স্বাধীনতা সংগ্রামে র তরুণ বীর সেনা শহীদ ভগৎ সিং, শহীদ শিবরাম রাজগুরু, শহীদ শুকদেব থাপারের আত্মত্যাগের স্মরণে এই পদযাত্রার আয়োজন | পদযাত্রার থিম নির্বাচন করা হয়েছে, ‘আমার ভারত, আমার দায়িত্ব’ | যুব সম্প্রদায়ের মধ্যে তাদের নাগরিকতার প্রতি দায়িত্ব, নিষ্ঠা ও কর্তব্যের প্রতি সচেতনতা বৃদ্ধিই এই পদযাত্রার উদ্দেশ্য | দেশের ৭৬৩ টি জেলায় এই পদযাত্রা অনুষ্ঠিত হবে | মূল অনুষ্ঠানটি হবে হরিয়ানার ফরিদাবাদে।

***********************

## Bhupendra Yadav:

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেছেন, দেশের উন্নয়নে অর্থনীতি ও পরিবেশের ভারসাম্য অর্জনের জন্য বিজ্ঞানভিত্তিক দৃষ্টিভঙ্গি প্রয়োজন। গতকাল দেরাদুনে আন্তর্জাতিক বন দিবস উপলক্ষে আয়োজিত দুই দিনের এক জাতীয় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। সংরক্ষণ কর্মসূচিতে ‘নেচার-ফার্স্ট’ বা প্রকৃতিকে অগ্রাধিকার দেওয়ার দৃষ্টিভঙ্গি গ্রহণের উপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, প্রকৃতির সঙ্গে সহাবস্থান নিশ্চিত করলেই পৃথিবী বাসযোগ্য থাকবে।

********************

**TSR at Assam & West Bengal :**

পশ্চিমবঙ্গ ও আসামে বিধানসভা নির্বাচনে নিরাপত্তার কাজে রাজ্যের টি.এস.আর. বাহিনী যাবে ।গতকাল পুলিশ সদর দপ্তর জানিয়েছে, দশটি কোম্পানি টিএসআর জওয়ান বিভিন্ন সময়ে দুই রাজ্যে নিরাপত্তা দিতে যাবে। দশটি কোম্পানিতে ৭৭৮ জন জওয়ান যাবেন।

*******************

**ADC Election-Control Room :**

TTAADC`র সাধারন নির্বাচন উপলক্ষে পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ে একটি কন্ট্রোল রাম চালু করা হয়েছে | জেলাশাসক কার্যালয়ের প্রথম তলায় এই কন্ট্রোল রুমটি দিনরাত চালু থাকবে | এই কন্ট্রোল রুমের টোল ফ্রি নম্বর হলো ১৯৫০/০৩৮১২৩২৫৫৫৮ | ডেপুটি কন্ট্রোলার কাজল দত্ত, এই কন্ট্রোল রুমের ভারপ্রাপ্ত আধিকারিক হিসেবে দায়িত্ব পালন করবেন৷ নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হওয়া পর্যন্ত এই কন্ট্রোল রুমটি কার্যকর থাকবে | ডেপুটি DEO এক বিজ্ঞপ্তির মাধ্যমে এই সংবাদ জানিয়েছেন |

********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। রাজ্যের উত্তর জেলা, উনকোটি জেলা, ধলাই

জেলা ও খোয়াই জেলার কোথাও কোথাও বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বা দমকা হাওয়া বয়ে যেতে পারে বলে সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ১০.২ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি।

******************

*****************